ভোরের কাগজ

৩

তারিখ: NOV. 11 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

### প্রধানমন্ত্রীকে দুরিয়ান

# বিশ্বব্যাংক বাংলাদেশে নারী শিক্ষা বিস্তারে আরো সাহায্য দেবে

বিশ্বব্যাংক বাংলাদেশে নারী শিক্ষা ও পুষ্টি কর্মসূচির উন্নয়নে আরো সাহায্য দিতে আগ্রহী। বিশ্বব্যাংকের সফররত ভাইস প্রেসিডেন্ট এদুয়ার্দো দুরিয়ান গতকাল বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎকালে এ আগ্রহের কথা ব্যক্ত করেন। ইউএনবি।

দুরিয়ান বাংলাদেশ সরকারের এইচআইভি প্রতিরোধ কর্মসূচিতে সহায়তা দেওয়ার ব্যাপারেও বিশ্বব্যাংকের আগ্রহের কথা জানান। তিনি সরকারের খাত-ওয়ারী সংস্কার কর্মসূচি বিশেষ করে স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচির ভূয়সী প্রশংসা করেন। নারী শিক্ষার বিস্তারে সকরারের গৃহীত উদ্যোগে সন্তোষ ব্যক্ত করেন দুরিয়ান।